দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 14 MAY 2007 ...
পৃষ্ঠা 12 কলাম ৫ .....

# উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বহিষ্কার কমলেও অনুপস্থিতির সংখ্যা বাড়ছে

**স্টাফ রিপোর্টার॥** এইচএসসি, আলীম ও এইচএসসি বিম পরীক্ষার দ্বিতীয় দিনও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। পরীক্ষায় নকলের দায়ে বহিষ্কারের হিসেব কমলেও পরীক্ষায় অনুপস্থিতির সংখ্যা কমছে না। প্রথম দিন প্রায় নয় হাজার

(১১- পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## উচ্চ মাধ্যমিক পরীক্ষায়

(১২-এর পাতার পর)

অনুপস্থিতির পর রবিবার দ্বিতীয় দিনেও ছয় সহস্রাধিক পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। দ্বিতীয় দিন সারা দেশে মাদ্রাসা ও কারিগরীসহ নয়টি শিক্ষা বোর্ডের অধীনে বহিষ্কার হয়েছে এক শ' আশি শিক্ষার্থী। প্রথম দিন বহিষ্কার হয়েছিল তিনশ' তিন পরীক্ষার্থী। শিক্ষার্থীর পাশাপাশি কারিগরি বোর্ডে তিন এবং চট্টগ্রাম বোর্ডে এক শিক্ষককে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এদিকে পরীক্ষা চলাকালীন বিভিন্ন জায়গায় বিদ্যুত বিভ্রাটের খবর মিলেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুমের হিসাব অনুযায়ী মোট বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে এইচএসসিতে ৬৭, মাদ্রাসা বোর্ডে ২৫ এবং এইচএসসি বিএম পরীক্ষায় ৮৮ পরীক্ষার্থী। বোর্ডওয়ারী এইচএসসিতে বহিষ্কার হয়েছে ঢাকা বোর্ডে ১৫, রাজশাহী বোর্ডে ১৬, কুমিল্লায় ১৩, যশোর ৮ বরিশালে ১২,চট্টগ্রামে ১ এবং সিলেটে ২। অনুপস্থিত শিক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডে এক হাজার তিনশ'৩৬, রাজশাহীতে ৪শ'৪৪, যশোরে ৬শ'৮৩, কুমিল্লায় ৫শ'৭৫, সিলেটে ২শ'৩৭, চট্টগ্রামে ৪শ'২৯ বরিশালে ২শ'১০। এইচএসসিতে মোট অনুপস্থিত থেকেছে তিন হাজার ৯শ' ১৪ শিক্ষার্থী। কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি বিম পরীক্ষায় অনুপস্থিত থেকেছে এক হাজার ৪শ'৪৬ এবং মাদ্রাসা বোর্ডে অনুপস্থিত থেকেছে ৬শ'৫৪ পরীক্ষার্থী।